

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৬৯(আগরতলা, ০৬।০৩)

বিশালগড়, ০৬ মার্চ, ২০১৯

কমলাসাগর পঞ্চায়েতে মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত

স্বাস্থ্য দপ্তর এবং ও এন জি সি'র ত্রিপুরা এসেস্ট-এর যৌথ উদ্যোগে সম্প্রতি কমলাসাগর গ্রাম পঞ্চায়েতের দেবীপুরে মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বিশালগড় ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের ৩২৫ জনকে চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। শিবিরে চোখ, নাক-কান ও গলা সহ বিভিন্ন রোগের চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়। শিবিরে ঔষধপত্র ছাড়াও চোখের রোগীদের মধ্যে প্রয়োজনের ভিত্তিতে প্রত্যেকে বিনামূল্যে চশমা দেওয়া হয়।
